

চবিতে শিক্ষার পরিবেশ সমুন্নত রাখা হবে ॥ উপাচার্য

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার
পরিবেশ সমুন্নত রাখতে দৃঢ় প্রত্যয়
ব্যক্ত করেছেন উপাচার্য প্রফেসর ড.
ইফতেখার উদ্দিন চৌধুরী ।
মঙ্গলবার বেলা ১১টায় সকল
অনুষদের ডিন, প্রভোস্ট, রেজিস্ট্রার,
প্রক্টর, ছাত্র উপদেষ্টা এবং বিভিন্ন
অফিস প্রধান ও প্রশাসনের
কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে তিনি এ
প্রত্যয় ব্যক্ত করেন । চবি ২০১৫-১৬
প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা পূর্ববর্তী
অভ্যন্তরীণ আইনশৃঙ্খলা বিষয়ে এ
বৈঠক অনুষ্ঠিত হয় ।
বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের নিয়মিত
ক্রাস ও পরীক্ষায় অংশগ্রহণসহ
হলসহ ক্যাম্পাসে ও শাটল ট্রেনে
বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা
অনুসরণ করে ভ্রাতৃত্বপূর্ণ ও
শান্তিপূর্ণ পরিবেশে অবস্থানের
পরামর্শ দেয়া হয় । গুরুত্বপূর্ণ এ

সভায় বিশ্ববিদ্যালয়ে আইনশৃঙ্খলা
রক্ষা এবং সৃষ্টি একাডেমিক পরিবেশ
আফগান রাখার লক্ষ্যে আইনশৃঙ্খলা
রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনবোধে
রাজ্যীয় আইনের আওতায় ক্যাম্পাসে
যে কোন সময় যে কোন পদক্ষেপ
গ্রহণের অনুমতি প্রদান করার
বিষয়টি বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশের
জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে । এতে
বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন
প্রফেসর ড. মোঃ আবদুল করিম,
ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন
প্রফেসর জাহাঙ্গীর আলম, সমাজ
বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড.
আবুল হোসাইন, আইন অনুষদের
ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল
ফারুক, জীব বিজ্ঞান অনুষদের ডিন
প্রফেসর ড. মাহবুবুর রহমান,
শিক্ষক সমিতির সভাপতি ও শাহ
আমানত হলের প্রভোস্ট প্রফেসর
ড. মোহাম্মদ আবুল মনছুর প্রমুখ ।